গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
(মাঠ প্রশাসন শাখা)
www.khulnadiv.gov.bd

# এপ্রিল, ২০২২ মাসে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক (ভার্চুয়াল) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: ইসমাইল হোসেন এনডিসি<br>বিভাগীয় কমিশনার, খুলনা |
| সভার তারিখ ও সময় | : | ২৪ এপ্রিল ২০২২ খ্রি. বেলা : ০১.০০ টা |
| মাধ্যম | : | Zoom Cloud Meeting APP. |

সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। করোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিতে ভার্চুয়াল সভাটি Zoom Cloud Meeting APP এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় জেলা প্রশাসকগণ Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত হন। অনলাইনে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা আলোচ্যসূচি অনুসারে তথ্যাদি সভায় উপস্থাপন করেন এবং ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ:<br>সভায় গত ২৩ মার্চ ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী পঠিত হয়। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত বিষয়সমূহে কোন সংযোজন/সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। | গত ২৩ মার্চ ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০২। | কোভিড-১৯ পরিস্থিতি ও টিকা প্রদান কার্যক্রম পর্যালোচনা:<br>সভায় কোভিড-১৯ পরিস্থিতি ও টিকা প্রদান কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। সারাদেশে কোভিড-১৯ সংক্রমণের হার ক্রমশ হ্রাস পাচ্ছে। মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রতিপালন নিশ্চিত এবং নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করার জন্য আলোচনা হয়। এছাড়াও সরকার নির্ধারিত টিকা রেজিস্ট্রেশন কার্যক্রমের মাধ্যমে টিকা প্রদান অব্যাহত রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সংক্রমণ রোধে মাস্ক ব্যবহার নিশ্চিতকরণসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদারের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | (১) কোভিড-১৯ সংক্রমণ রোধে সরকারি নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ, মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদার করতে হবে।<br>(২) কোভিড-১৯ টিকা প্রদানের জন্য সকলকে টিকা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত করতে হবে।<br>(৩) জেলা তথ্য অফিসের মাধ্যমে ব্যাপক প্রচার ও জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৪) মসজিদের ইমামগণ নামাজের পূর্বে/পরে করোনা ভাইরাস প্রতিরোধে সরকারি নির্দেশনা প্রচারের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৩ | দুর্যোগ (বন্যা, ঘূর্ণিঝড়, সাইক্লোন ইত্যাদি) মোকাবেলায় আগাম প্রস্তুতি:<br>সভায় দুর্যোগ (বন্যা, ঘূর্ণিঝড়, সাইক্লোন ইত্যাদি) মোকাবেলায় আগাম প্রস্তুতি গ্রহণ করতে জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (১) দুর্যোগ (বন্যা, ঘূর্ণিঝড়, সাইক্লোন ইত্যাদি) মোকাবেলায় আগাম প্রস্তুতি গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৪ | ডায়রিয়ার বর্তমান পরিস্থিতি পর্যালোচনা:<br>সভায় দেশের বর্তমান ডায়রিয়া পরিস্থিতি বিষয়ে আলোচনা করা হয়। প্রচন্ড গরমে সারাদেশে ডায়রিয়া রোগের হার বৃদ্ধি পাচ্ছে। এক্ষেত্রে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদারের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ডায়রিয়া রোধে সরকারি নির্দেশনা অনুযায়ী জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদার করতে হবে।<br>(২) জেলা তথ্য অফিসের মাধ্যমে ব্যাপক প্রচার ও জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৩) বাড়ির আশে-পাশে কোথাও যেন বর্ষার পানি বা ময়লা-আবর্জনা না থাকে সেদিকে জনগণকে সচেতন করে তুলতে হবে।<br>(৪) মসজিদের ইমামগণ নামাজের পূর্ব/পরে ডায়রিয়া প্রতিরোধে সরকারি নির্দেশনা প্রচারের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৫। | দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং বাজার মনিটরিং:<br>নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির পর্যাপ্ত সরবরাহ, মূল্য স্থিতিশীল এবং বিক্রয় নিশ্চিতকরণে বাজার মনিটরিং জোরদার করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে বাজার মনিটরিং করা, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে। কোনো অসাধু ব্যবসায়ীগণ কৃত্রিম সংকট সৃষ্টির মাধ্যমে যাতে বাজার অস্থিতিশীল করতে না পারে সেদিকে বিশেষ মনিটরিং করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে অবৈধভাবে ধান/চাল/খাদ্যদ্রব্য ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্য মজুদদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (১) নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির পর্যাপ্ত সরবরাহ এবং মূল্য স্থিতিশীল রাখতে হবে।<br>(২) জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে মনিটরিং, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে।<br>(৩) ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে অবৈধভাবে ধান/চাল/নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি মজুদদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৬। | প্রচারণামূলক সভা/উঠান বৈঠক আয়োজন:<br>সভায় জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সন্ত্রাস ও জঙ্গিবাদ, মাদকাসক্তি প্রতিরোধ এবং বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত প্রচারণামূলক সভা/উঠান বৈঠক আয়োজনের ওপর গুরুত্বারোপ করা হয়। আয়োজিত সভা/উঠান বৈঠকের বিস্তারিত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রেরণের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | (১) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক সন্ত্রাস ও জঙ্গিবাদ, বাল্যবিবাহ এবং মাদকাসক্তি নিরোধ সংক্রান্ত প্রচারণামূলক সভা/উঠান বৈঠকের তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৭। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা:<br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দেওয়াসহ তা বাস্তবায়নের জন্য এ কার্যালয় হতে সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করা হয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দিতে হবে এবং তা বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৮। | গণশুনানি:<br>সভায় করোনা ভাইরাস সংক্রমণ এড়ানোর লক্ষ্যে সামাজিক দূরত্ব বজায় রেখে গণশুনানি কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক সপ্তাহের একটি পূর্ব নির্ধারিত দিনে স্থানীয় জনগণের অভিযোগ শ্রবণ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) আইনানুগ পদ্ধতি অনুসরণে প্রাপ্ত লিখিত অভিযোগ অনুসন্ধান এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) মাঠ পর্যায়ে গণশুনানি কার্যক্রম নিয়মিতভাবে পরিবীক্ষণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৯। | মুজিববর্ষ উদযাপন:<br>মুজিববর্ষ উদযাপন উপলক্ষে কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) মুজিববর্ষ উদযাপন উপলক্ষে কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১০। | কৃষি পণ্য/উপকরণ, রাসায়নিক সার ও বোরো ধান কর্তণ:<br>ইতোমধ্যে বোরো ধান সংগ্রহ করা মৌসুম শুরু হয়েছে। কৃষকেরা কাল-বৈশাখী ঝড় বা বৃষ্টিতে ফসলের ক্ষতির আশঙ্কায় আছে। সে কারণে যত দ্রুত এবং সফলভাবে বোরো ধান সংগ্রহ করা যায় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও কৃষি পণ্য/উপকরণ, রাসায়নিক সার যথাসময়ে সরবরাহের জন্য সভায় গুরুত্বারোপ কর হয়। | (১) বোরো ধান সংগ্রহ করার জন্য কৃষকদের প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করতে হবে।<br>(২) কৃষি পণ্য/উপকরণ, রাসায়নিক সার যথাসময়ে সরবরাহ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

অত:পর সভা শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৪/২০২১

মো: ইসমাইল হোসেন এনডিসি
বিভাগীয় কমিশনার
খুলনা
ফোন : ০২৪-৭৭৭০৩০৩৫(অফিস)
divcomkhulna@mopa.gov.bd

নং-০৫.৪৪.০০০০.০০৬.৫২.০০৩.২২-১৭৫ (২৩) তারিখ : ২৫ /০৪/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

০৫। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন), খুলনা।

০৬। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

০৭। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর।

০৮। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা।

০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এপিএ সেল শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

১০। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা। (তাঁকে সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১১। প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

১২। অফিস কপি।

২৫.০৪.২০২২

(অনুপ দাশ)
সিনিয়র সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
খুলনা
ফোন : ০২-৪৭৭৭০১০৪১ (অফিস)